অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

জভিটস সেন্টারের (JAVITS CENTER) রুফটপ সৌর অ্যারে ইনস্টল করার জন্য ডেভলপারের নির্বাচন করার কথা ঘোষণা করেছেন গভর্নর কুমো

সিমেন্স 1.4 মেগা ওয়াট পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রকল্প ডিজাইন এবং নির্মাণ করবে জেভিটস কনভেনশন সেন্টারের গ্রিন রুফে

নিউ ইয়র্ক সিটির বৃহত্তম সৌর ইন্সটলেশন গভর্নরের জাতির শীর্ষস্থানীয় পরিষ্কার শক্তি এবং কর্মসংস্থানের কর্মসূচী যা নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতার পথে নিয়ে যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ম্যানহাটানের ওয়েস্ট সাইডে জাভিটস সেন্টারের সবুজ ছাদে 1.4 মেগাওয়াট সৌর পুনর্নবীকরণযোগ্য শক্তি নকশা এবং ইনস্টল করার জন্য একজন ডেভেলপার নির্বাচন করার কথা ঘোষণা করেছেন। নিউইয়র্ক সিটির বৃহত্তম ছাদের উপর নির্মিত সৌর উৎপাদন প্রকল্পটি বিল্ডিংয়ের বৈদ্যুতিক লোডকে অফসেট করবে এবং 2040 সালের মধ্যে নিউ ইয়র্কে 100 শতাংশ কার্বন-মুক্ত বিদ্যুতের জন্য একটি রাষ্ট্রের-নেতৃস্থানীয় পরিচ্ছন্ন শক্তি এবং কর্মসংস্থানের জন্য গভর্নরের কর্মসূচী যার নাম গ্রিন নিউ ডিল (Green New Deal), তার সহায়তা করবে সরাসরি এবং 2030 সালের মধ্যে পুনর্নবীকরণযোগ্য শক্তি থেকে 70 শতাংশ বিদ্যুৎ নিয়ে আসার জন্য লক্ষ্য স্থির করবে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে প্রায় 4,000 কর্মচারী নিয়ে একটি প্রযুক্তি এবং পরিকাঠামো প্রদানকারী সংস্থা সিমেন্স, নিউইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority, NYPA) প্রতিযোগিতামূলক বিড প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত হয়েছিল এবং এখন চূড়ান্ত ডিজাইন এবং ছাদের উপর প্রকল্পের জন্য অনুমতি পাওয়ার প্রক্রিয়া শুরু করবে।

"নিউইয়র্ক স্টেট একটি আরো পরিচ্ছন্ন, সবুজ শক্তির সিস্টেম যা অর্থনৈতিক বৃদ্ধিকেও উদ্বুদ্ধ করে তার জন্য বলিষ্ঠ পদক্ষেপ অগ্রসর করার ক্ষেত্রে রাষ্ট্রের নেতৃস্থানীয় অবস্থায় রয়েছে", **গভর্নর কুওমো বলেন,** "যুক্তরাষ্ট্রে ব্যস্ততম কনভেনশন কেন্দ্রের ছাদে একটি সৌর প্রযুক্তি ইনস্টল করা নিউ ইয়র্ক জুড়ে এবং রাষ্ট্রের সর্বত্র কিভাবে পুনর্নবীকরণযোগ্য শক্তিকে শ্রেষ্ঠভাবে আলিঙ্গন করা যায় তার জন্য এই শিল্পের মান নির্ধারণ করে।"

"এই উল্লেখযোগ্য পুনর্নবীকরণযোগ্য শক্তির প্রকল্প জাভিটস সেন্টারের বিদ্যুৎ চাহিদাগুলি অফসেট করতে সাহায্য করবে এবং রাষ্ট্রের আক্রমণাত্মক পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যগুলি অগ্রসর করবে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা নিউ ইয়র্ক স্টেট জুড়ে অর্থনৈতিক উন্নয়ন সমর্থন করার সাথে সাথে, আমাদের পরিবেশ পরবর্তী প্রজন্মগুলির জন্য পরিষ্কার এবং নিরাপদ রাখা নিশ্চিত করার জন্য আমাদের প্রচেষ্টার ক্ষেত্রে নেতৃস্থানীয় অবস্থায় রয়েছি।"

নিউইয়র্ক পাওয়ার অথরিটির নেতৃত্বে এই প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেটকে অর্থনীতি-বিস্তৃত কার্বন নিরপেক্ষতার পথে এবং রাষ্ট্রের নেতৃস্থানীয় পরিচ্ছন্ন শক্তি ও কর্মসংস্থানের লক্ষ্যে অগ্রসর হতে সাহায্য করবে। প্রকল্পটি প্রতি বছর

1.3 মিলিয়ন পাউন্ডেরও বেশি কার্বন নির্গমনকে অফসেট করবে বলে অনুমান করা হয়, যা রাস্তা থেকে 262টি গাড়ি অপসারিত করার সমান।

গিল সি. কিনিওনেস, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (NYPA) সভাপতি ও চিফ একজেকিউটিভ অফিসার বলেছেন, "নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি নিউ ইয়র্ক সিটির সব চেয়ে সুপরিচিত এবং উচ্চ-ট্র্যাফিক বিল্ডিংগুলির সাথে অংশীদারিত্ব করতে পেরে আনন্দিত, যা নিউ ইয়র্ক স্টেটকে তার পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনের আরো কাছে নিয়ে আসে। জাভিটস সেন্টারের ছাদে একটি বাণিজ্যিক স্কেলের সৌর ফোটোভোলটাইক সিস্টেম ইনস্টল করার ফলে উল্লেখযোগ্য সাশ্রয় হবে এবং বছরের পর বছর ধরে পরিবেশকে উপকৃত করবে।"

জাভিটস সেন্টারের পক্ষে, 2018 সালের আগস্ট মাসে যেমন গভর্নর ঘোষণা করেছিলেন প্রথমে, NYPA ডেভেলপারদের একটি শক্তি ক্রয়ের চুক্তির মাধ্যমে বাণিজ্যিক স্কেলের সৌর ফোটোভোলটাইক সিস্টেম ডিজাইন, নির্মাণ এবং মালিকানা প্রদানের প্রস্তাব জমা দেওয়ার জন্য আহ্বান করেন।

সিমেন্স, যারা 1986 সালে নির্মাণের পর থেকে জাভিটস সেন্টারের সাথে অংশীদারিত্ব করেছে বিল্ডিং অটোমেশন, অগ্নি নিরাপত্তা এবং নিরাপত্তা প্রযুক্তি প্রদান করে, সৌর অ্যারেগুলি তাদের মালিকানাধীন থাকবে এবং তারাই সেগুলির রক্ষণাবেক্ষণ করবে এবং পরিচালনা করবে, এবং NYPA সৌর অ্যারে থেকে উৎপন্ন শক্তি কিনবে এবং তারপরে তা বিক্রি করবে জাভিটস সেন্টারকে একটি ব্যাক-টু-ব্যাক পাওয়ার ক্রয় চুক্তির মাধ্যমে। ব্যাটারি স্টোরেজও এই প্রকল্পে অন্তর্ভুক্ত করা যেতে পারে এবং প্রকল্পের ডিজাইন সম্পূর্ণ হওয়ার পরে নির্ধারণ করা হবে। 2020 সালের শুরুতে নির্মাণ কার্জ শুরু হবে বলে আশা করা হয়।

জাভিটস সেন্টারের সবুজ ছাদে HVAC ইউনিটগুলির উপর 4,000 হাজারেরও বেশি সৌর প্যানেল নির্মাণ করা হবে যাতে বিল্ডিংটির ছাদের গাছপালাগুলি প্রভাবিত না হয়। 11তম এভিনিউতে একটি অতিরিক্ত রাস্তার স্তরেরসৌর অ্যারে নির্মাণ করা হবে। নিউ ইয়র্ক সিটির স্থায়ীত্বের প্রচেষ্টা চালানোর জন্য 17-তলা জাভিটস সেন্টার অনেকগুলি প্রকল্প পরিচালনা করেছে, যার ফলে রাষ্ট্রের ব্যস্ততম কনভেনশন কেন্দ্রটি হাডসন নদীর উপর এক LEED রৌপ্য-প্রত্যয়িত গহনা হিসেবে রূপান্তরিত হয়েছে।

জাভিটস সেন্টারে 2014 সালে সম্পন্ন একটি বিস্তৃত সংস্কারে অন্তর্ভুক্ত ছিল একটি 6.75 একরের সবুজ ছাদ, যা রাষ্ট্রের এই ধরণের সব চেয়ে ছাদগুলির মধ্যে একটি। সমস্ত ফেসিলিটি জুড়ে তাপমাত্রা নিয়ন্ত্রণ এবং নিজস্বকরণ করার জন্য মিটারিং এবং সেন্সর সম্বলিত সবুজ ছাদ, শক্তি খরচের ক্ষেত্রে 26 শতাংশ হ্রাসপ্রাপ্তি সহ অত্যন্ত শক্তি-দক্ষ ক্রিয়াকলাপ পরিচালনা করার কারণ হয়ে দাঁড়িয়েছে। সবুজ ছাদ, যা অ্যারেগুলির চারপাশে পরিবেষ্টিত তাপমাত্রা কমিয়ে দেয় এবং ফলস্বরুপ আরো সার্বিক এবং দক্ষ ডিজাইন তৈরির কারণ হয়, এবং সেটি এলাকার বন্যপ্রাণীর অভয়ারণ্য হিসাবেও কাজ করে, যা 26টি পাখির প্রজাতি, পাঁচটি বাদুড়ের প্রজাতি এবং হাজার হাজার মৌমাছির আবাসস্থল। সমতল ছাদটির অবস্থান এবং আয়তন সৌর অ্যারে স্থাপনের জন্য এক সর্বাপেক্ষা সন্তোষজনক সমাধান প্রদান করে।

জাভিটস সেন্টারে পরিচালনাকারী নিউইয়র্ক কনভেনশন সেন্টার অপারেটিং কর্পোরেশনের (New York Convention Center Operating Corporation) সভাপতি ও চিফ একজেকিউটিভ অফিসার অ্যালান স্টিল বলেন, "আমাদের সবুজ ছাদ সাম্রাজ্যী স্টেট জুড়ে বাড়িগুলির জন্য স্থায়িত্বের এক আদর্শ হয়ে উঠেছে, এবং আমাদের পরিবেশগত প্রভাব বাড়ানোর জন্য নিউইয়র্ক পাওয়ার অথরিটির সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত। 30 বছরেরও বেশি সময় ধরে, জাভিটস সেন্টার নিউ ইয়র্কের জন্য একটি

অর্থনৈতিক ইঞ্জিন হিসাবে কাজ করেছে, কিন্তু এই প্রকল্পের সাথে আমরা রাষ্ট্রব্যাপী অন্যান্য স্থানগুলিতে অনুপ্রেরণা হিসাবে একটি পরিবেশ সংক্রান্ত উন্নয়নের পথ প্রদর্শনকারী হিসাবে আমাদের খ্যাতি বলবত করা চালিয়ে যেতে পারি।"

ডেভ হপিং, সিমেন্স বিল্ডিং টেকনোলজিস (Siemens Building Technologies) - আমেরিকাজ এর সভাপতি ও চিফ একজেকিউটিভ অফিসার বলেছেন, "বহু দশক ধরে নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে গুরুত্বপুর্ণ পরিকাঠামোর ক্ষেত্রে প্রযুক্তি সহযোগী হিসেবে কাজ করে এসে, সিমেন্স পুনর্নবীকরণযোগ্য সংস্থানে রাষ্ট্রের রূপান্তরণকে সমর্থন করতে পেরে গর্বিত। আমরা স্থায়ী এবং আরও সহণশীল ভবিষ্যত নির্মাণের জন্য গভর্নর কুওমোকে তার নেতৃত্বের জন্য প্রশংসা করি এবং আমরা নিউ ইয়র্ক সিটির বৃহত্তম ছাদের সৌর ইন্সটলেশনের জন্য জাভিটস সেন্টারের সাথে আমাদের 30 বছরেরও বেশি সময়ের প্রযুক্তি সংক্রান্ত অংশীদারিত্বকে সম্প্রসারিত করার জন্য উন্মুখ।"

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "জাভিটস সেন্টার মার্কিন যুক্তরাষ্ট্রের সব চেয়ে ব্যস্ততম কনভেনশন কেন্দ্র - এবং জীবাশ্ম জ্বালানি থেকে দ্রুত গতিতে নিউ ইয়র্ক সিটির বৃহত্তম ছাদের সৌর প্রকল্পে রূপান্তরিত করার আদর্শ স্থান। আবহাওয়া পরিবর্তন আমাদের জন্য অপেক্ষা করে নেই, তাই আমরা তার সব চেয়ে খারাপ প্রভাবগুলি প্রতিরোধ করার জন্য অপেক্ষা করতে পারব না। আমি গভর্নর কুওমো, নিউইয়র্ক পাওয়ার অথরিটি, সিমেন্স এবং জাভিটস সেন্টারের প্রশংসা করি পুনর্নবীকরণযোগ্য শক্তির প্রতি তাদের আত্মোৎসর্গের জন্য এবং ম্যানহাটানের বাসিন্দাদের পরিবেশ অনুকূল কাজ নিয়ে আসার জন্য।"

সিনেটর কেভিন এস. পার্কার বলেন, "গভর্নর ক্যুমোর নেতৃত্বে, নিউইয়র্ক রাষ্ট্রকে পরিবেশ অনুকূল অর্থনীতির দিকে অগ্রসর করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। জাভিটস সেন্টারের ছাদে সৌর প্যানেলিং যোগ করা নিউ ইয়র্কের জন্য এক যুগান্তকারী ঘটনা হবে। আমি গভর্নর কুওমো, NYPA এবং সিমেন্সকে এক স্থায়ী অর্থনৈতিক ভবিষ্যতের প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য প্রশংসা করি।"

বিধান সভার সদস্য মাইকেল কিউসিক বলেন, "জাভিটস সেন্টারে সিমেন্স যে কাজের উদ্যোগ নেওয়ার পরিকল্পনা করেছে তা নিউ ইয়র্ককে তার কার্বন পদচিহ্ন হ্রাস করতে, শক্তির সহণশীলতা উন্নত করতে এবং নির্ভরযোগ্যতা নিশ্চিত করার জন্য যে উদ্ভাবনী নগরকেন্দ্রীক ডিজাইনের প্রয়োজন, তার একটি উদাহরণ। আমি এই কাজটি সম্পূর্ণ হবার অপেক্ষায় আছি এবং আশা করি এটি ভবিষ্যতের প্রচেষ্টার জন্য একটি পথপ্রদর্শক হিসাবে কাজ করবে।"

সংসদ সদস্য রিচার্ড এন. গটফ্রেড বলেন, "দেশটির ব্যস্ততম কনভেনশন কেন্দ্র জাভিটস সেন্টারের সৌর শক্তি প্যানেলগুলি ডিজাইন ও ইনস্টল করার জন্য একজন যাচকের নির্বাচন দেখায় যে পরিষ্কার শক্তির মাধ্যমে চাকরি বাড়ানোর সাথে সাথে স্বাস্থ্যকর পরিবেশের দিকে সাহসী পদক্ষেপ নেওয়ার বিষয়ে নিউ ইয়র্ক দৃঢ় প্রতিজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট জুড়ে খুচরা গ্রাহকদের পুনরায় বিক্রি করার জন্য NYPA সরকারি সংস্থা, পৌরসভার বৈদ্যুতিক সিস্টেম, গ্রামীণ বৈদ্যুতিক সমবায়, নির্মাতা এবং বিনিয়োগকারীদের মালিকানাধীন ইউটিলিটিগুলিতে কম খরচে বিদ্যুত সরবরাহ করে। এছাড়াও, অথরিটি গ্রাহকদের বিস্তৃত পরিষেবাগুলি অ্যাক্সেস প্রদান করে যার মধ্যে রয়েছে পরিচ্ছন্ন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রযুক্তির উন্নয়ন এবং রাজ্য জুড়ে বিল্ডিং এবং ফেসিলিটিগুলিতে শক্তি দক্ষতা কর্মসূচীর প্রচার।

NYPA সম্পর্কে
NYPA হচ্ছে দেশের সবচেয়ে বৃহৎ স্টেট জন বিদ্যুৎ সংস্থা, যা 16টি উৎপাদক কারখানা এবং 1,400 সার্কিট-মাইলেরও বেশি ট্রান্সমিশন লাইন পরিচালনা করে। NYPA দ্বারা উৎপাদিত বিদ্যুতের শতকরা 70 ভাগেরও বেশি হচ্ছে পরিষ্কার নবায়নযোগ্য হাইড্রো শক্তি। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য দেখুন https://protect2.fireeye.com/url?k=ae3a7e10-f202d972-ae388725-000babd9f75c-87e7ebad73393d54&u=http://www.nypa.gov/ এবং আমাদের অনুসরণ করুন টুইটার@NYPAenergy, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার এবং লিঙ্কডিন।

জাভিটস সেন্টার সম্পর্কে
"বিশ্বের বাজার" বলে পরিচিত জাভিটস সেন্টার আসলে ডিজাইন করেছিলেন আই. এম. পেরি অ্যান্ড পার্টনার্স (I.M. Pei & Partners) এবং 1986 এ উদ্বোধন করা হয়েছিল। সেই কিংবদন্তীসম বিল্ডিংটি বড় সম্মেলন, বাণিজ্য শো এবং বিশেষ অনুষ্ঠানের জন্য নিউ ইয়র্ক সিটির প্রধান স্থান হয়ে উঠেছে এবং বিশ্বের শীর্ষস্থানীয় 250 টিরও বেশি বাণিজ্যিক শোয়ের এটি পিঠস্থান হিসাবে কাজ করে, এবং বছরে লক্ষ লক্ষ দর্শকদের আতিথেয়তা প্রদাণ করে। এই ইভেন্টগুলি 2 বিলিয়ন মার্কিন ডলার অবধি উৎপাদন করে অর্থনৈতিক ক্রিয়াকলাপে এবং 18,000-এরও বেশি চাকরিতে সহায়তা করে। ম্যানহাটানে, 11তম এভিনিউতে পশ্চিম 34তম ও পশ্চিম 40তম রাস্তায় অবস্থিত, জাভিটস সেন্টারের 760,000 বর্গফুটের নমনীয় প্রদর্শনী স্থান, 102 টি মিটিং কক্ষ এবং চারটি ব্যাঙ্কোয়েট হল, এবং তার সাথে অত্যাধুনিক ওয়াইফাই ক্ষমতা সহ প্রযুক্তিগত পরিষেবার সম্ভার উপলব্ধ রয়েছে। আরো তথ্যের জন্য দেখুন javitscenter.com বা আমাদের অনুসরণ করুন ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম, লিঙ্কডিন, ইউটিউব।

সিমেন্স সম্পর্কে
সিমেন্স এজি-র (Siemens AG) একটি মার্কিন সাবসিডিয়ারি সিমেন্স কর্পোরেশন, বিশ্বের বৃহত্তম শক্তি-দক্ষ, সম্পদ-সাশ্রয়ী প্রযুক্তি উৎপাদকদের মধ্যে একটি। 160 বছরেরও বেশি সময় ধরে, সিমেন্স USA আমেরিকার শিল্পকে সহায়তা প্রদান করেছে, নির্মাণ, শক্তি, স্বাস্থ্যসেবা এবং পরিকাঠামোর ক্ষেত্রে প্রযুক্তি উদ্ভাবন ও উদ্ভাবন করে। 2018-এর আর্থিক বছরে মার্কিন যুক্তরাষ্ট্রের সিমেন্সের রাজস্বের পরিমাণ ছিল 23.7 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে 5.0 বিলিয়ন মার্কিন ডলার এসেছে রপ্তানি থেকে এবং 50 টি রাজ্যে এবং পুয়ের্তো রিকোর জুড়ে আনুমানিক 50,000 জন মানুষকে তারা নিয়োগ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল
দেশের শীর্ষস্থানীয় পরিচ্ছন্ন শক্তি ও চাকরি এজেন্ডা অর্থাৎ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ ডিল, নিউ ইয়র্ক স্টেটকে আগ্রাসীভাবে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতার দিকে ঠেলে দিবে। এই উদ্যোগের ফলে পরিচ্ছন্ন শক্তিতে একটি ন্যায্য রূপান্তর হবে, সবুজ অর্থনীতির বিকাশ ত্বরান্বিত হবে এবং 2040 সালের মধ্যে নিউ ইয়র্কের শক্তিকে বাধ্যতামূলকভাবে শতভাগ পরিচ্ছন্ন হতে হবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক আগ্রাসী লক্ষ্যের একটি। 2030 সালের মধ্যে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি মানদণ্ডকে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুতে সফলভাবে রূপান্তর করার ক্ষেত্রে এই নতুন প্রস্তাবিত অব্যক্তটি একটি উল্লেখযোগ্য বৃদ্ধি। নবায়নযোগ্য শক্তির অভূতপূর্ব বৃদ্ধির অংশ হিসাবে, নিউ ইয়র্ক ইতোমধ্যে সারা স্টেটে 46টি বৃহৎ স্কেল নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে কারণ এটি উল্লেখযোগ্যভাবে তার পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য বৃদ্ধি করে, যেমন: নিউইয়র্কের অফশোর বাতাসের লক্ষ্য চারগুণ করে 2035 সালের মধ্যে দেশের মধ্যে সর্বোচ্চ 9,000

মেগাওয়াট করা; সোলার নিয়োগ 2025 সালের মধ্যে দ্বিগুণ হয়ে 6,000 মেগাওয়াটে হওয়া; 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি সঞ্চয় নিযুক্ত করা। এই উচ্চাকাঙ্ক্ষী কাজে সহায়তা প্রদান করতে, নিউ ইয়র্ক গ্রিন ব্যাঙ্ক (NY Green Bank) তার বিশেষজ্ঞতা ব্যবহার করবে প্রতি সর্বজনীন ডলারের বৃহত্তর পরিবেশগত প্রভাব লালনের উদ্দেশ্যে আর্থিক ফারাক অতিক্রম করতে 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ তুলে তৃতীয় পক্ষের তহবিলে পরিবেশগত অর্থায়নের উপলভ্যতা প্রসারিত করতে নিউ ইয়র্ক এবং উত্তর অ্যামেরিকার বাকি অঞ্চল জুড়ে|

রিফর্মিং দ্য এনার্জি ভিশন (Reforming the Energy Vision, REV)
গ্রিন নিউ ডিল গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর ল্যান্ডমার্ক রিফর্মিং দ্য এনার্জি ভিশন কৌশলের উপর ভিত্তি করে গঠন করে পরিবেশ পরিবর্তনের ক্ষেত্রে নেতৃত্ব দিতে এবং নিউ ইয়র্কের অর্থনীতি বৃদ্ধি করতে| REV সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য আরো পরিচ্ছন্ন, আরো সহনশীল এবং সাশ্রয়ী শক্তির সিস্টেম তৈরি করছে পরিচ্ছন্ন প্রযুক্তিতে, যেমন সোলার, বাতাস, এবং শক্তির দক্ষতাতে বিনিয়োগ বৃদ্ধি করে| ইতোমধ্যেই, REV স্টেট জুড়ে সৌর বাজারকে প্রায় 1,500 শতাংশ বৃদ্ধি করেছে, 1.65 মিলিয়ন নিম্ন-আয়ের গ্রাহকদের জন্য শক্তি সামর্থ্যের মধ্যে নিয়ে এসেছে এবং নিউ ইয়র্ক স্টেটে উৎপাদন, প্রকৌশল ও অন্যান্য পরিচ্ছন্ন প্রযুক্তির ক্ষেত্রে 150,000 লোকের কর্মসংস্থান করেছে।

গ্রিন নিউ ডিল ও REV সম্পর্কে আরো জানতে, দেখুন rev.ny.gov, আমাদের অনুসরণ করুন টুইটার, ফেসবুক, লিঙ্কডিন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন